

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.৫৭.৯৮

তারিখঃ.....

অফিস আদেশ

যেহেতু, যুব উন্নয়ন অধিদপ্তর কিশোরগঞ্জ জেলাধীন পাকুন্দিয়া উপজেলা কার্যালয়ের অফিস সহায়ক জনাব মোছাঃ পলি আক্তার(সাময়িকভাবে বরখাস্ত) তার ননদ ডলি আক্তারকে হত্যাকাণ্ডের অভিযোগে কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া থানার মামলা নং-০৬(০২)২০১৪, ধারাঃ ৩০২/৩৪ এর প্রেক্ষিতে পুলিশ কর্তৃক ১৩/০২/২০১৪খ্রিঃ তারিখে ধৃত হন ;

যেহেতু, উক্ত হত্যাকাণ্ডের অভিযোগে প্রধান কার্যালয়ের ১৮/০৫/২০১৪খ্রিঃ তারিখের ফুউঅ/প্রশিঃ ও আত্রঃ/ব্যক্তি-৫৭/৯৮-৬৯৪ সংখ্যক আদেশে ১৩/০২/২০১৪খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং তার বিরুদ্ধে কিশোরগঞ্জ অতিরিক্ত দায়রা জজ আদালতে ফৌজদারী মামলা নং-৭৯৯/২০১৪, ধারাঃ ৩০২/৩৪ চালু করা হয় ;

যেহেতু, উক্ত মামলায় আসামী অফিস সহায়ক মোসাঃ পলি আক্তার(সাময়িকভাবে বরখাস্ত) হত্যার দায় (Inculpatory) স্বীকার পূর্বক ফৌজদারী কার্যবিধি আইনে ১৬৪ ধারায় জবানবন্দি প্রদান করেন ;

যেহেতু, অফিস সহায়ক মোসাঃ পলি আক্তার(সাময়িকভাবে বরখাস্ত) এর বিরুদ্ধে আনীত দলভবিধির ৩০২/৩৪ ধারার অভিযোগ প্রমানিত না হওয়ায় বিগত ২৪/০৫/২০১৭খ্রিঃ তারিখে প্রদত্ত রায়ে অতিরিক্ত দায়রা জজ, কিশোরগঞ্জ তাকে খালাস প্রদান করেন ;

এক্ষণে সেহেতু, অফিস সহায়ক জনাব মোছাঃ পলি আক্তার-এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ বিধি ৭২(বি) অনুযায়ী তার সাময়িক বরখাস্তকাল ১৩/০২/২০১৪ হতে ০৮/০৩/২০১৫খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক)বছর ২৪(চব্বিশ) দিন গড় বেতনে, ০৯/০৩/২০১৫ হতে ২৮/০৩/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক)বছর ২০(বিশ)দিন অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি এবং ২৯/০৩/২০১৬খ্রিঃ তারিখ হতে অবশিষ্ট দিনগুলো বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

স্বাঃ/-

( মোঃ আনোয়ার হোসেন)

মহাপরিচালক


ফোন : ৯৫৫৯৩৮৯।

তারিখঃ ২৬/২/১৭

নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.৫৭.৯৮- ২২২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক (অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। জনাব মোসাঃ পলি আক্তার, অফিস সহায়ক(সাময়িকভাবে বরখাস্ত), যুব উন্নয়ন অধিদপ্তর, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

  
(নূর মোহাম্মদ).  
সহকারি পরিচালক(প্রশাসন)।